গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়

# জীবন বীমা কর্পোরেশন

গ্রুপ ডিভিশন
প্রধান কার্যালয়, ঢাকা।
http://www.jbc.gov.bd

সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen's Charter) কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটির ২০২৩-২৪ অর্থ বছরে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে দ্বিতীয় ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর/২৩) সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত সভার কার্যবিবরণী।

সভাপতি : আবুল খায়ের মোহাম্মদ হাফিজুল্লাহ খান, জেনারেল ম্যানেজার-প্রশাসন।
সভার তারিখ : ১৯ ডিসেম্বর, ২০২৩
সভার সময় : সকাল ১১.০০ ঘটিকা
সভার স্থান : জেনারেল ম্যানেজার-প্রশাসন মহোদয়ের অফিস-কক্ষ
উপস্থিতি : পরিশিষ্ট 'ক'

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। জীবন বীমা কর্পোরেশনের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) কর্মপরিকল্পনা বাস্তবায়নের অগ্রগতি ও হালনাগাদ তথ্যাদিসহ কমিটির কার্যক্রম সম্পর্কে আলোচনা করার জন্য নির্দেশনা প্রদান করেন। অতঃপর সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen's Charter) কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও কমিটির সদস্য জনাব মোঃ ফারুক হোসেন,সহকারী জেনারেল ম্যানেজার-টিএ সভার আলোচ্য সূচি অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মপরিকল্পনার অগ্রগতি সভাকে অবহিত করেন।

| ক্রমিক | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী দপ্তর |
|---|---|---|---|
| ০১. | ত্রৈমাসিক ভিত্তিতে নিজ দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ।<br>এ বিষয়ে সভাকে অবহিত করা হয় যে, ২০২৩-২৪ অর্থবছরে জীবন বীমা কর্পোরেশনের সেবা প্রদান প্রতিশ্রুতি ৩০শে সেপ্টেম্বর, ২০২৩-এর মধ্যে প্রথম বার হালনাগাদ করা হয়েছে। দ্বিতীয় বার হালনাগাদ করণের কাজ চূড়ান্ত পর্যায়ে রয়েছে। | ৩১শে ডিসেম্বর,২০২৩-এর মধ্যে দ্বিতীয়বার জীবন বীমা কর্পোরেশনের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ সম্পন্ন করতে হবে। | আইসিটি ডিভিশন, প্রধান কার্যালয় ও সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen's Charter) কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি। |
| ০২. | ত্রৈমাসিক ভিত্তিতে আওতাধীন দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি তদারকীর মাধ্যমে হালনাগাদকরণ।<br>সভাকে অবহিত করা হয় যে, ২৭শে নভেম্বর,২০২৩ অনুষ্ঠিত সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত সভায় নিম্নে বর্ণিত নির্দেশনা প্রদান করা হয়ঃ<br>ক. সকল রিজিওনাল অফিস আগামী সাত দিনের মধ্যে সিটিজেন্স চার্টার তৈরী করে দৃশ্যমান স্থানে স্থাপন করবে ।<br>খ. আইসিটি ডিভিশন, প্রধান কার্যালয় A2i এর সহায়তায় রিজিওনাল অফিসসমূহের জন্য ওয়েবসাইট চালু করবে। | আগামী ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে সকল রিজিওনাল অফিস সিটিজেন্স চার্টার প্রস্তুত, স্থাপন, হালনাগাদকরণ ও কর্পোরেশনের ওয়েবসাইটে আপলোড করবে। | আইসিটি ডিভিশন, প্রধান কার্যালয়ের সহায়তায় সকল রিজিওনাল অফিস। |

| | | | |
|---|---|---|---|
| | গ. রিজিওনাল অফিসসমূহের স্বতন্ত্র ওয়েবসাইট চালু না হওয়া পর্যন্ত তৈরীকৃত সিটিজেন্স চার্টার আইসিটি ডিভিশন কর্তৃক প্রধান কার্যালয়ের ওয়েবসাইটে আপলোড করা হবে।<br>এ পর্যন্ত রাজশাহী ও খুলনা রিজিওনাল অফিস সিটিজেন্স চার্টার তৈরী করে দৃশ্যমান স্থানে স্থাপন করেছে। অন্যান্য রিজিওনাল অফিস কর্তৃক সিটিজেন্স চার্টার তৈরী ও স্থাপন করার তথ্য পাওয়া যায় নাই। এ পর্যন্ত কোন রিজিওনাল অফিস সিটিজেন্স চার্টার আইসিটি ডিভিশনের সহায়তায় ওয়েবসাইটে আপলোড করার ব্যবস্থা গ্রহণ করে নাই। | | |
| ০৩. | ত্রৈমাসিক ভিত্তিতে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সভা আয়োজন।<br>গত ২০.০৯.২০২৩ খ্রিঃ তারিখে এ সংক্রান্ত একটি সভা অনুষ্ঠিত হয়েছে। অদ্য ১৯.১২.২০২৩ খ্রিঃ তারিখে দ্বিতীয় সভা অনুষ্ঠিত হলো। | আগামী মার্চ/২০২৪ এবং জুন/২০২৪ খ্রিঃ মাসের প্রথম সপ্তাহে আরো দুটি সভা আয়োজন করতে হবে। | সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen's Charter) কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি। |
| ০৪. | সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে নিজ দপ্তর এবং আওতাধীন দপ্তর/সংস্থার কর্মকর্তা/কর্মচারীদের জন্য কর্মশালা/প্রশিক্ষণ/সেমিনার আয়োজন।<br>সভাকে অবহিত করা হয় প্রশিক্ষণ বিভাগ কর্তৃক আওতাধীন দপ্তর/সংস্থার কর্মকর্তা/কর্মচারীদের জন্য কর্মশালা/প্রশিক্ষণ/সেমিনার-এর কার্যক্রম শুরু করেছে। | দ্রুত বাস্তবায়ন করতে হবে। | প্রধান কার্যালয়ের প্রশিক্ষণ বিভাগ। |
| ০৫. | সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন অগ্রগতি বিষয়ক বার্ষিক প্রতিবেদন প্রেরণ। | সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন অগ্রগতি বিষয়ক বার্ষিক প্রতিবেদন প্রস্তুত করে মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে। | সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen's Charter) কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি। |
| ০৬. | কর্পোরেশনের ওয়েবসাইটের সেবা-বক্সে আপলোড কৃত সেবা প্রদান প্রতিশ্রুতি অফিসের সামনে টাঙ্গানো প্রসঙ্গে।<br>প্রধান কার্যালয়ের সংস্থাপন বিভাগ এবং সংশ্লিষ্ট রিজিওনাল অফিসসমূহকে এ বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়েছে। | প্রধান কার্যালয়ের সংস্থাপন বিভাগ এবং সংশ্লিষ্ট রিজিওনাল অফিস দ্রুত বাস্তবায়ন করবে। | প্রধান কার্যালয়ের সংস্থাপন বিভাগ এবং সংশ্লিষ্ট রিজিওনাল অফিস। |
| ০৭. | সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে তদারকী টিম গঠনকরণ।<br>এ বিষয়ে সভাকে অবহিত করা হয় যে, গত ২৯.০৮.২০২৩ খ্রিঃ তারিখে আর্থিক প্রতিষ্ঠান বিভাগের এ সংক্রান্ত কমিটির সভায় প্রতিটি অফিসে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত মন্ত্রণালয়ের নির্দেশনা সঠিকভাবে প্রতিপালন করা হচ্ছে কিনা, তা তদারকী করার জন্য একটি টিম গঠন করার নির্দেশনা প্রদান করা হয়। যে টিম | মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী দ্রুত একটি তদারকী টিম গঠন করার জন্য প্রশাসন ডিভিশন ব্যবস্থা গ্রহণ করবে। | প্রশাসন ডিভিশন; প্রধান কার্যালয়। |

| | | | |
|---|---|---|---|
| | যে টিম প্রধান কার্যালয়সহ আওতাধীন দপ্তরসমূহের সেবা। মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী তদারকী টিম গঠন করার জন্য ইতোপূর্বে প্রশাসন ডিভিশনকে সুপারিশ করা হয়েছে। | | |

আলোচনার জন্য আর কোনো বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

আবুল খায়ের মোহাম্মদ হাফিজুল্লাহ খান
জেনারেল ম্যানেজার (প্রশাসন)
ও
আহ্বায়ক, সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি।

স্মারক নং : ৫৩.১৯.৯০০১.০০৫.০০.০০০.২৩. তারিখ : ১৭ ডিসেম্বর, ২০২৩

বিতরণ : সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

০১. রিজিওনাল ইনচার্জ (সকল);
০২. কমিটির সদস্য (সকল);
০৩. ডিজিএম-আই.সি.টি ডিভিশন, প্রধান কার্যালয়, ঢাকা-কার্যবিবরণী সেবা বক্সে আপলোড করার জন্য অনুরোধ করা হলো;
০৪. ম্যানেজার-প্রশিক্ষণ, প্রধান কার্যালয়, ঢাকা-রিজিওনাল অফিস সমূহের সহিত যোগাযোগ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন;
০৫. ম্যানেজার-প্রসাশন, প্রধান কার্যালয়-মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী দ্রুত একটি তদারকী টিম গঠন করার জন্য অনুরোধ করা হলো;
০৬. পিএস টু এমডি, জীবীক, প্রধান কার্যালয়, ঢাকা-ম্যানেজিং ডাইরেক্টর মহোদয়ের সদয় অবগতির জন্য;
০৭. অফিস কপি।

মোঃ ভিখারুল আলম
ম্যানেজার-গ্রুপ বীমা ডিভিশন ও বিকল্প ফোকাল
পয়েন্ট কর্মকর্তা ও সদস্য সচিব,
সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি